দৈনিক ইত্তেফাক

তারিখ 09 MAR 1997
পৃষ্ঠা ৩ কলাম ৭

৫৫

## শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য কর্মশালা অনুষ্ঠানের উদ্যোগ

ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, ময়মনসিংহ, কুষ্টিয়া, রংপুর, দিনাজপুর, যশোর, কুমিল্লা, নোয়াখালী, পটুয়াখালীসহ সকল জেলা ও থানা হইতে আগত বেসরকারী কলেজ শিক্ষকদের বর্ধিত সভায় শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে শিক্ষকদের পেশাগত দক্ষতা ও মর্যাদা বৃদ্ধির জন্য বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) কর্তৃক বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচী ও কর্মশালা অনুষ্ঠানের উদ্যোগের প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ হইতে

( ৫ম পৃঃ দ্রঃ )

### শিক্ষকদের দক্ষতা

(৩য় পৃঃ পর)

সম্ভাব্য সমর্থন ও সহযোগিতার আশ্বাস দিয়াছেন। তিনি গত বৃহস্পতিবার বিকালে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে বাকশিসের জাতীয় কার্যনির্বাহী পরিষদের বিশেষ বর্ধিত সভা উদ্বোধনকালে এই আশ্বাস দেন। শিক্ষামন্ত্রী নূতন জাতীয় বেতন স্কেলে বেসরকারী শিক্ষকদের স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্তি, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদে পদোন্নতি দান এবং কল্যাণ ট্রাষ্ট ও অবসর পরিকল্প জরুরীভিত্তিতে চালু করার পদক্ষেপের কথা বলেন। সারা দেশের সকল জেলা ও থানা হইতে আগত বিপুলসংখ্যক বেসরকারী কলেজ শিক্ষকদের উপস্থিতিতে বাকশিসের জাতীয় কার্যনির্বাহী পরিষদের এ সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন শেখ আমানুল্লাহ এবং বিশিষ্ট অতিথি ছিলেন অধ্যাপক আলী আকবর খান ডলার, মোঃ সেলিম ভুঁইয়া ও মোঃ ফারুক। উপস্থাপনায় ছিলেন অধ্যাপক আসাদুল হক।

—প্রেস বিজ্ঞপ্তি